

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯০(আগরতলা, ১৭।৭)
বিশ্রামগঞ্জ, ১৭ জুলাই, ২০১৭

সিপাহীজলা জেলায় ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতি

সিপাহীজলা জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিলের বরাদ্দ অর্থে চলতি অর্থ বছরে বিভিন্ন কর্মসূচী রূপায়িত হবে। এই প্রকল্পে কৃষি দপ্তরের মাধ্যমে ৫০ শতাংশ ভর্তুকীতে জেলার ৪৩১ জন কৃষককে ধান মারাই যন্ত্র দেয়া হবে। এর জন্য জিলা পরিষদের পি ডি এফ থেকে ব্যয় করা হবে ১৩ লক্ষ ৭৯ হাজার ২০০ টাকা। এতে বিশালগড়ে ১০০ জন, চড়িলামে ৪২ জন, কাঁঠালিয়াতে ৭৬ জন, মোহনভোগে ৩১ জন, নলছড়ে ১০৬ জন এবং বক্সনগর ব্লকের ৭৬ জন কৃষক উপকৃত হবেন। সম্প্রতি সিপাহীজলা জিলা পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় এই তথ্য জানানো হয়েছে। জিলা পরিষদের সভাপতি ফখরউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো জানানো হয়, গত অর্থ বছরে জেলার বিশালগড়ে ৮৭ জন, চড়িলামে ২৮ জন, নলছড়ে ৫৪ জন, মোহনভোগে ২০ জন, কাঁঠালিয়াতে ৪৯ জন এবং বক্সনগর ব্লকের ৪৯ জন কৃষককে জিলা পরিষদের পি ডি এফের বরাদ্দ অর্থে ভর্তুকীতে ধান মারাই যন্ত্র দেয়া হয়েছে। এছাড়াও এ জেলায় চলতি অর্থ বছরে কৃষি দপ্তর থেকে ভর্তুকীমূল্যে ১১০টি পাম্প মেশিন দেয়া হবে বলে কৃষি দপ্তরের আধিকারিক সভায় জানান। সভায় জানানো হয় জিলা পরিষদের পি ডি এফ এর বরাদ্দ অর্থে গত অর্থ বছরে জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের মাধ্যমে ১লক্ষ ২০ হাজার টাকা ব্যয়ে বিভিন্ন ক্রীড়া সামগ্রী ক্রীড়া সংস্থা ও ক্লাবগুলিকে দেয়া হয়েছে। অন্যদিকে গত অর্থ বছরে ৪০ জনকে ক্ষুদ্র ব্যবসার জন্য ১০ হাজার টাকা করে সহায়তা দেয়া হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ৪ লক্ষ টাকা। জেলা প্রাণী সম্পদ বিকাশ কার্যালয়ের মাধ্যমে জিলা পরিষদের পি ডি এফ এর বরাদ্দ অর্থে ২০৫ জনকে প্রাণী পালনের জন্য ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেয়া হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ২০ লক্ষ ৫০ হাজার টাকা। এদিনের সভায় সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য-সদস্যগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
